

ভিকারুননিসা কলেজে অনলাইন ক্লাস শুরু, বৃহস্পতিবার থেকে চালু স্কুল শাখায়

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১২ এপ্রিল ২০২৬, ১৯:৫৮



ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ। ছবি: সংগৃহীত

রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে সশরীর ক্লাসের পাশাপাশি অনলাইন ক্লাস কার্যক্রম শুরু হয়েছে। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী পবীক্ষামূলকভাবে চালু তথ্য মিশ্র (বাবুদা) শিক্ষা ব্যবস্থার অংশ হিসেবে বারবার (১১ এপ্রিল) প্রতিষ্ঠানটির কলেজ শাখার শিক্ষা ×

প্রতিষ্ঠানটির ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাজেদা বেগম জানান, বৈশাখী উৎসব—বৈসাবি, চৈত্রসংক্রান্তি ও বাংলা নববর্ষ উপলক্ষে স্কুল শাখায় ছুটি চলছে। তাই আপাতত শুধু কলেজ শাখার অনলাইন ক্লাস শুরু হয়েছে এবং শিক্ষার্থীদের অংশগ্রহণ সন্তোষজনক। ছুটি শেষে আগামী বৃহস্পতিবার থেকে স্কুল শাখার শিক্ষার্থীদের জন্যও অনলাইন ক্লাস চালু হবে।

সরকারের নির্দেশনা অনুযায়ী ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ এবং ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজসহ রাজধানীর কিছু নির্বাচিত শিক্ষাপ্রতিষ্ঠানে সপ্তাহে তিন দিন সশরীর এবং তিন দিন অনলাইন ক্লাস চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ ব্যবস্থায় শনি, সোম ও বুধবার সরাসরি ক্লাস এবং রবি, মঙ্গল ও বৃহস্পতিবার অনলাইন ক্লাস অনুষ্ঠিত হবে। শুক্রবার সাপ্তাহিক ছুটি থাকবে।

শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, বৈশ্বিক জ্বালানি সংকট, নগরীর তীব্র যানজট এবং প্রযুক্তিনির্ভর শিক্ষাব্যবস্থার সঙ্গে খাপ খাওয়ানোর লক্ষ্যেই পরীক্ষামূলকভাবে এই মিশ্র শিক্ষা পদ্ধতি চালু করা হয়েছে।

ইত্তেফাক/এমএএম
